(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.১৭৮৬ তারিখ ০৭ আশ্বিন ১৪৩৩ ব: / ২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

# ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ২য় ধাপে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২৪, ২০২৫ ও ২০২৬ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের নিকট হতে রাজশাহী কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত "একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা ২০২৬" অনুযায়ী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একদশ শ্রেণির ভর্তির জন্য অনলাইনে (www.xiclassadmission.gov.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

১। ভর্তির আবেদনের যোগ্যতা :

এস.এস.সি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত ন্যূনতম জিপিএ:

| বিভাগ | ন্যূনতম জিপিএ |
|---|---|
| বিজ্ঞান | জিপিএ ৫.০০ |
| মানবিক | জিপিএ ৪.৫০ |
| ব্যবসায় শিক্ষা | জিপিএ ৪.৫০ |

২। বিভাগ ও আসন সংখ্যা

| বিভাগ | আসন সংখ্যা |
|---|---|
| বিজ্ঞান | ৩৩০ |
| মানবিক | ১১০ |
| ব্যবসায় শিক্ষা | ১১০ |

**৩। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :**

| ক্র:নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ২য় ধাপে ভর্তির জন্য অনলাইন আবেদন গ্রহণ | ২৭/০৯/২০২৬ থেকে ২৮/০৯/২০২৬ (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | ২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০১/১০/২০২৬ (রাত ৮:০০ টায়) |
| ৩ | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)। | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৩/১০/২০২৬(রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/১০/২০২৬ (রাত ৮:০০ টা) |
| ৫ | ভর্তি | ০৫/১০/২০২৬ থেকে ০৭/১০/২০২৬ |

**৪। EQ-1, EQ-2 (Education Quoata 1, 2) কোটার ক্ষেত্রে নিম্নে বর্ণিত যোগ্যতা থাকতে হবে;**

*** EQ-1(Education Quoata -1) এর যোগ্যতা: এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে।

*** EQ-2(Education Quoata -2) এর যোগ্যতা: এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ ২৮টি (কপি সংযুক্ত) দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি স্কুল, সরকারি কলেজ, সরকারি স্কুল এন্ড কলেজ এবং সরকারি শিক্ষা অফিসসমূহে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানের ক্ষেত্রে বর্ণিত কোটা সুবিধা প্রযোজ্য হবে।

অতএব, যে সকল শিক্ষার্থী **EQ-1, EQ-2** কোটার বর্ণিত যোগ্যতা না থাকা সত্ত্বেও আবেদন করবে তারা সিলেকশন পেলেও কলেজে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

www.xiclassadmission.gov.bd ঠিকানায় অনলাইনে আবেদন করার পদ্ধতি, ফল প্রকাশ, ভর্তি সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী (https://rajshahieducationboard.gov.bd) এবং এই কলেজের ওয়েবসাইট (*http://rc.gov.bd*) ভর্তি সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে।

**৫। রাজশাহী কলেজ, রাজশাহী এর EIIN: 126490**

**বিঃদ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) টাকা জমা দিতে হবে না। এ ধরণের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়ার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।**

22/02/24

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

22/02/2024

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/০৭/কনি-০১/খন্ড(৪র্থ)/৬২৫ তারিখ : ২২/০৯/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে পুনরায় ২য় ধাপে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৩০২ তারিখ: ১৭/০৯/২০২৬ খ্রি:

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬২৮ তারিখ: ২১/০৯/২০২৬

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে পুনরায় ২য় ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (https://xiclassadmission. gov.bd) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে।

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি।

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি

৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | ২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ | ২৭/০৯/২০২৬ (রবিবার)<br>থেকে ২৮/০৯/২০২৬ (সোমবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২. | ২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা) |
| ৩. | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে<br>০৩/১০/২০২৬ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪. | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/১০/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা) |
| ৫. | ভর্তি | ০৫/১০/২০২৬ (সোমবার) থেকে ০৭/১০/২০২৬ (বুধবার) |

বিদ্র: উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) টাকা জমা দিতে হবে না। এ ধরণের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়ার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

22.9.2026

প্রফেসর মোঃ মাহবুব হাসান-০৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

22.9.26

22/9/26

Admison_2026-2027-2-Dhap